

মোরা ভাঙব তাপস, ভাঙব তোমার কঠিন তপের বাঁধন—

এবার এই আমাদের সাধন ॥

চল্ কবি, চল্ সঙ্গে জুটে, কাজ ফেলে তুই আয় রে ছুটে,

গানে গানে উদাস প্রাণে

এবার জাগা রে উন্মাদন ॥

বকুলবনের মুগ্ধ হৃদয় উঠুক-না উচ্ছ্বাসি,

নীলাম্বরের মর্ম-মাঝে বাজাও তোমার সোনার বাঁশি ।

পলাশরেণুর রঙ মাথিয়ে নবীন বসন এনেছি এ,

সবাই মিলে দিই ঘুচিয়ে

তোমার পুরানো আচ্ছাদন ॥

Parjaay: Prakriti / Sheet, Taal: Dadra, Raag: Brindavani-Sarang

Visit www.geetabitan.com for notation and other detail